12

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 SEP 1994
পৃষ্ঠা ১৫ কলাম ২

সাম্প্রতিক সমস্যা

# কলেজে ভর্তি হতে চাই

গুরুত্বপূর্ণ পরীক্ষা। কাজেই এই পরীক্ষার প্রতি সবার নজর বেশী। এসএসসি'র পর কলেজে ভর্তি। শিক্ষা জীবনের নতুন স্তর। নতুন করে স্বপ্ন দেখা শুরু। অথচ সবাই কলেজে ভর্তির সুযোগ পাবে না। রাজধানীসহ বড় শহরগুলোর নামকরা কলেজে ভর্তির তীব্র আকাঙ্ক্ষা মিটবে না অনেকের। পরিসংখ্যানে দেখা যায়, প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সবাই সরকারী কলেজে ভর্তির সুযোগ পাবে না। পড়াশুনার ক্ষেত্রে সবার নজর থাকে মূলতঃ ঢাকা শহর। এবার ঢাকা শহরের কলেজগুলোতে ইতিমধ্যেই ভর্তির তীব্র প্রতিযোগিতা শুরু হয়েছে। অধিকাংশ কলেজ এখনও নির্ধারণ করতে পারেনি কোন্ নীতিমালায় ছাত্র-ছাত্রী ভর্তি করাবে। ভর্তির জন্য পরীক্ষায় বসানো হবে কাকে? এসব চিন্তার সমাধান হয়নি এখনও। তবে ভালো কলেজগুলোতে এবার সাড়ে ৭শত নম্বরের নীচে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কেউ কেউ নিম্নে ৮শত নম্বরকে ভর্তির যোগ্যতা হিসাবে নির্ধারণ করার চিন্তা-ভাবনা করছে। এরা আবেদন করে। তবু নানা প্রসঙ্গ জিজ্ঞাসা করি। ভর্তির কথা তুলতেই ওদের কেউ কেউ এমন ব্যবহার করে যেন চাকরের সাথে কথা বলছে। দুপুরে ক্লান্ত শরীর নিয়ে বাসায় ফিরি। বাবা-মায়ের চিন্তিত মুখ দেখে ভালো লাগে না। শিক্ষা সবার অধিকার। পরীক্ষা পাসের পর কলেজে ভর্তির সুযোগ থাকতে হবে। ভর্তির ক্ষেত্রে মেধার প্রতিযোগিতা হবে এটাই স্বাভাবিক। কারণ সবাই চাইবে ভালো কলেজে ভর্তি হতে। কিন্তু দেশে ভালো কলেজ কতটি? একজন শিক্ষা বিশেষজ্ঞ বললেন, প্রতি বছর ঢাকায় হাতেগোনা কয়েকটি কলেজে ভর্তির চাপ পড়ে। এমনও কলেজ আছে চটকদার বিজ্ঞাপন দিয়েও ছাত্র-ছাত্রীদের টানতে পারে না। যে কলেজগুলোর প্রতি ছাত্র-ছাত্রীদের এত টান সেখানে কোন্ যাদুমন্ত্র বলে শিক্ষাদান করা হয়? আসলে প্রতিটি কলেজে পড়াশুনার মান নিশ্চিত করা গেলে ভর্তির বিড়ম্বনা কমবে। এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা জরুরী হয়ে পড়েছে।

❑ নিজস্ব প্রতিনিধি